

পশ্চিমবঙ্গ সরকার  
কর্মিবর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তর  
সাধারণ পদালি শাখা  
রাজ্য সচিবালয়, নব্বাম, (অষ্টম তল),  
৩২৫, শরৎ চ্যাটার্জী রোড, হাওড়া-৭১১১০২

প্রেরক : সহসচিব, পশ্চিমবঙ্গ সরকার

প্রাপক :

যুগ্মসচিব/উপসচিব/সহসচিব,..... দপ্তর

পত্রসংখ্যা: ৯০-কর্মিবর্গ (পদালি)/সংস্থা  
এ-২/১৩

তারিখ: ১৯/০৭/২০২১

বিষয় : বিভিন্ন অধিকারে স্থায়ী ইচ্ছুক ও যোগ্যতাসম্পন্ন অপরবর্গীয় সহায়ক/করণিকদের সচিবালয়ের অপরবর্গীয় সহায়কদের সাধারণ পদালিতে নিয়োগের জন্য প্রস্তুতি।

এই পত্র মারফৎ জানানো হচ্ছে যে, অর্থ দপ্তরের ২৪/০১/২০১৯ তারিখের ৬৬২-এফ(পি২) সংখ্যক বিজ্ঞপ্তি অনুসারে পশ্চিমবঙ্গ সরকারের সচিবালয়ে ও অন্যান্য দপ্তরে করণিক কৃত্যক নিয়োগ নিয়ন্ত্রণ নিয়মাবলীর ৫(২)(এ) সংখ্যক নিয়ম অনুযায়ী সচিবালয়ের অধীনস্থ বিভিন্ন দপ্তরে অপরবর্গীয় সহায়কের কিছু শূন্যপদ পূরণের পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

তদনুসারে, বিভিন্ন প্রশাসনিক দপ্তরগুলিকে তাঁদের অধীনে থাকা অধিকারগুলিতে কর্মরত স্থায়ী, ইচ্ছুক ও যোগ্যতাসম্পন্ন অপরবর্গীয় সহায়ক/করণিকদের নাম প্রয়োজনীয় তথ্যাদি (সংশ্লিষ্ট যাবতীয় শংসাপত্র ও আদেশনামা) সহ এই পত্রের সঙ্গে সংযুক্ত ছক 'ক' এবং ইচ্ছাপত্র পূরণ করে এই দপ্তরে ৩১/০৮/২০২১ তারিখের মধ্যে পাঠাতে অনুরোধ করা হচ্ছে। নির্দিষ্ট ছকে (ছক 'ক') জ্যেষ্ঠতা/বরিষ্ঠতা অনুযায়ী স্থায়ী, ইচ্ছুক ও যোগ্যতাসম্পন্ন কর্মচারীদের নাম ও অন্যান্য স্তম্ভ পূরণ করে যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীলমোহরসহ পাঠাতে হবে। ছকে যে কোনো রকমের সংশোধন, সংযোজন, বর্জন বা অতিরিক্ত লেখা থাকলে সে স্থানেও ঐ আধিকারিকের স্বাক্ষর ও সীলমোহর থাকা প্রয়োজন। সংশ্লিষ্ট কর্মচারী বিভাগীয় টাইপ পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন কিনা জানাতে হবে এবং স্বপক্ষে প্রয়োজনীয় তথ্য পেশ করতে হবে। এছাড়া, ছক 'ক'-এ উল্লিখিত সমস্ত লিখনের স্বপক্ষে প্রামাণ্য তথ্যাবলী অতি অবশ্যই পেশ করতে হবে।

ইচ্ছাপত্র সহ পূরণ করা ছক 'ক' পেশ করলে তা চূড়ান্ত বলে বিবেচিত হবে। সেক্ষেত্রে, অধিকার থেকে সচিবালয়ে স্থানান্তর সংক্রান্ত আদেশনামা জারি হওয়ার পর এই বিষয়ে অনিচ্ছা প্রকাশের আর কোনো অবকাশ কর্মচারী বা সংশ্লিষ্ট অধিকারের থাকবে না। যদি কোনো ইচ্ছুক কর্মচারী না পাওয়া যায় সেক্ষেত্রে একটি 'শূন্য' প্রতিবেদন পাঠাতে হবে।

বিভিন্ন অধিকারের অধীনস্থ আঞ্চলিক দপ্তরগুলির কর্মচারীরা এই সুযোগের আওতাভুক্ত নন। উপরোক্ত সমস্ত বিষয় বিবেচনা করে প্রশাসনিক দপ্তরগুলিকে সংশ্লিষ্ট অধিকারে কর্মরত অপরবর্গীয় সহায়ক/করণিকদের নাম এই দপ্তরে সুপারিশ করে পাঠানোর অনুরোধ করা হচ্ছে।

স. মহাশয়  
সহসচিব, পশ্চিমবঙ্গ সরকার

বিভিন্ন অধিকারে নিযুক্ত স্থায়ী, ইচ্ছুক ও যোগ্যতাসম্পন্ন অপরবর্তী সহায়ক/করণিকদের সচিবালয়ে অপরবর্তী সহায়ক পদে নিয়োগের জন্য প্রয়োজনীয় তথ্যাদি পূরণ করার ছক।

অধিকারের নাম :- .....

| ক্রমিক<br>সংখ্যা | কর্মচারীর<br>নাম ও<br>যোগ্যতা | জন্ম<br>তারিখ | প্রথম<br>কাজে<br>যোগদানের<br>তারিখ ও<br>পদের<br>নাম | অধিকারে<br>অ.ব.সহায়ক/করণিক<br>হিসাবে<br>তারিখ<br>ক) ছেদবিহীন<br>খ) স্বীকরণ | অ.ব. সহায়ক/<br>করণিক<br>হিসাবে<br>নিয়োগ<br>পদোন্নতি/বদলী/সরাসরি | পি.এস.সি.হলে<br>পরীক্ষার<br>সাল ও<br>মেধা স্থান | পি.এস.সি.না<br>হলে<br>নিয়মিত<br>তারিখ<br>আবেদনাদায়ক<br>নম্বর | ত:জাতি/উপজা<br>তি/অন্যান্য<br>অনুগ্রহ<br>শ্রেণী<br>কি না | মন্তব্য<br>***<br>(নীচে দেখুন) |
|------------------|-------------------------------|---------------|---|---|---|---|--|--|--------------------------------|
| ১                | ২                             | ৩             | ৪   | ৫   | ৬   | ৭   | ৮  | ৯  | ১০                             |

- \*\*\* (১) কর্মচারীর বিরুদ্ধে কোনো বিভাগীয় তদন্ত বা আদালতে অপরাধজনিত কোনো মামলা চালানো বা বকেয়া আছে কি না ;  
(২) কর্মচারী জ্যেষ্ঠতার ব্যাপারে কোনো মামলা চালানো বা বকেয়া আছে কি না ;  
(৩) ..... পর্যন্ত দেহীতে দপ্তরে আসা/তাড়াতাড়ি যাওয়া ও আগাম না জানিয়ে দপ্তরে অনুপস্থিত হওয়ার মতকরা হিসাব।

## ঘোষণাপত্র

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, আমি অর্থ দপ্তরের ২৪/০১/২০১৯ তারিখের ৬৬২ এফ(পি২)সংখ্যক বিজ্ঞপ্তি অনুসারে সচিবালয়ে অবরবণীয় সহায়কপদে যোগদানে ইচ্ছুক। আমি আরও অঙ্গীকার করিতেছি যে, অধিকরণ থেকে সচিবালয়ে স্থানান্তর সংক্রান্ত আদেশনামা জারি হওয়ার পর এই বিষয়ে অনিচ্ছা প্রকাশের আর কোনো অবকাশ আমার থাকবে না।

বিনীত,

নাম-

নাম (ইংরাজীতে) -

মোবাইল নাম্বার-

আধিকারিকের স্বাক্ষর ও সিলমোহর